

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# দ্বিতীয় ক্যাম্পাসের অপেক্ষা

আবদুল্লাহ আল মামুন

প্রকাশিত: ২০:৪২, ১৭ আগস্ট ২০২৪



শিক্ষাই জাতির মেরুদণ্ড

শিক্ষাই জাতির মেরুদণ্ড। ৯ শিক্ষার জন্য সবচেয়ে বড় প্রতিষ্ঠান হলো বিশ্ববিদ্যালয়। আ বিশ্ববিদ্যালয় হলো এমন একটি প্রতিষ্ঠান যেখানে উচ্চশিক্ষা প্রদান করা হয়। এছাড়া শিক্ষার্থীরা বিভিন্ন ধরনের গবেষণামূলক কাজকর্ম করার সুযোগ পায়। সাধারণত স্নাতক এবং স্নাতকোত্তর উভয় সম্মান প্রদান করে। বিশ্ববিদ্যালয়ে জ্ঞানের চর্চার মাধ্যমে জ্ঞানের উৎপত্তি ঘটে থাকে। আর পাবলিক বিশ্ববিদ্যালয় এমন প্রতিষ্ঠান যেখানে ভর্তিযুদ্ধে উন্নীত হতে পড়াশোনা করতে হয়।

UNIBOTS



আর জগন্নাথ বিশ্ববিদ্যালয় হলো বাংলাদেশের সবচেয়ে প্রাচীন শিক্ষাপ্রতিষ্ঠান। এর কার্যক্রম শুরু হয় ১৮৫৮ সালে। উল্লেখ্য, ২০০৫ সালে জগন্নাথ কলেজকে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হয়। এটি পুরান ঢাকার সদরঘাট এলাকায় অবস্থিত। এখানে ৩৮টি বিভাগ ইনস্টিটিউট আছে। প্রতি বছর ভর্তি পরীক্ষা দিয়ে হাজার হাজার শিক্ষার্থী পড়াশোনার সুযোগ পায়। ঐতিহ্যবাহী জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ১১টি হল ছিল।

কিন্তু ১৯৮৫ সালে স্থানীয়দের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষে হলগুলো বেদখল হয়। ফলে বর্তমান শিক্ষার্থীরা বাসা ভাড়া অথবা মেসে থেকে পড়াশোনা করে। দখলকৃত হলের মধ্যে তিব্বত হলের সাইদুর রহমান হল, বাণী ভবন হল, রউফ মজুমদার হল, নজরুল ইসলাম হল, বজলুর রহমান হল, শহীদ শাহাবুদ্দীন হল, আবদুর রহমান হল, আনোয়ার শফিক হল, কর্মচারী আবাস আজমল হোসেন হল। ২০১৪ এবং ২০১৬ সালে হল উদ্ধারের আন্দোলন করেও শিক্ষার্থীরা উদ্ধার করতে পারেনি। কিন্তু আবারও বর্তমান শিক্ষার্থীরা হল আন্দোলনের উদ্যোগ নিয়েছে। পুরান ঢাকার ঐতিহ্যবাহী ২ শিক্ষাপ্রতিষ্ঠান জগন্নাথ বিশ্ববিদ্যালয় আয়তনে ছোট হলে বুড়িগঙ্গা নদীর ওপারে নির্মিত হচ্ছে দ্বিতীয় ক্যাম্পাস। আর এর আয়তন প্রায় ২০০ একর দ্বিতীয় ক্যাম্পাসের নির্মাণকাজ চলমান রয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা নিয়মিত যা সেখানে খেলাধুলা করতে। কিন্তু ক্যাম্পাস নির্মাণের কাজ খুবই ধীরগতিতে চলছে।

শিক্ষার্থীদের আশার আলো দ্বিতীয় ক্যাম্পাস দেখালেও ধীরগতির কারণে হতাশ তার ইতোমধ্যে দ্বিতীয় ক্যাম্পাসের ডিজাইন সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে সবচেয়ে খুশির বার্তা এটি হবে বিশ্বের সর্বাধুনিক বিশ্ববিদ্যালয়।